

জবি/প্রশা/ভর্তি:২০২২-২৩/২৫০৬

তারিখ: ২৪ আগস্ট ২০২৩

চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট- <https://admission.jnu.ac.bd> এবং www.jnu.ac.bd

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রাথমিক ভাবে ভর্তিকৃত ও মাইগ্রেশনের মাধ্যমে GST গুচ্ছভুক্ত অন্য বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষার্থীদের আগামী ২৫ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২:০০টা হতে ০২ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট <https://admission.jnu.ac.bd>-এ নিজ নিজ প্যানেলে লগইন করে, প্রাথমিক ভর্তি ফিস বাবদ ইতোপূর্বে জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বাদ দিয়ে, বাকি (চূড়ান্ত) ভর্তি ফিস অনলাইনে জমা দিতে হবে। অতঃপর আগামী ২৭ আগস্ট ২০২৩ তারিখ হতে ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিয়ে, বিভাগ হতে কাগজপত্র জমাদান স্লিপ নিয়ে সংশ্লিষ্ট ডীন অফিসে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হতে হবে।

কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফিসের পরিমাণ

| অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ | মোট ভর্তি ফিস | জমাকৃত ভর্তি ফিস | বাকি (চূড়ান্ত) ভর্তি ফিস |
|--|--|------------------|---------------------------|
| বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য | ১২,৪০০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসসহ) | ৫,০০০/- টাকা | ৭,৪০০/- টাকা |
| বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য | ১০,৪০০/- টাকা | ৫,০০০/- টাকা | ৫,৪০০/- টাকা |
| কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের জন্য | ১০,৪০০/- টাকা | ৫,০০০/- টাকা | ৫,৪০০/- টাকা |

❖ চূড়ান্ত ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে :

- চূড়ান্ত ভর্তি ফিস জমাদানের রশিদ (GST গুচ্ছের অন্য বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির পর মাইগ্রেশন করে আসা শিক্ষার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে);
- প্রাথমিক ভর্তি নিশ্চিতকরণ বাবদ প্রদত্ত মূল নম্বরপত্র জমাদান স্লিপের ফটোকপি;
- GST গুচ্ছের ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
- অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও ৪ (চার) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

❖ ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদি বিভাগীয় শিক্ষকদের সহযোগিতায় যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

২৪/০৮/২০২৩

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার

তারিখ: ২৪ আগস্ট ২০২৩

জবি/প্রশা/ভর্তি:২০২২-২৩/২৫০৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৬. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৯. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. অফিস/সংরক্ষণ নথি।

২৪.০৮.২০২৩

(মোঃ আল হেলাল উদ্দিন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)